**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 22-06-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা নব ভারত সাক্ষরতা কার্যক্রম - 'উল্লাসে'র অধীনে আগামীকাল ত্রিপুরাকে আনুষ্ঠানিক ভাবে পূর্ণ স্বাক্ষর রাজ্য হিসেবে ঘোষণা করবেন।**

**(২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী যোগকে নিজেদের জীবনের অংশ করে তোলার জন্য অন্ধ্রপ্রদেশের জনগণের প্রশংসা করেছেন ।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ইরানের রাষ্ট্রপতি মাসুদ পেজেশকিয়ানের সঙ্গে কথা বলেছেন এবং ইরান ও ইসরায়েলের মধ্যে চলমান সংঘাতের সাম্প্রতিক বৃদ্ধিতে গভীর উদ্বেগ প্রকাশ করেছেন।**

**(৪) টেকনো ইন্ডিয়া ইউনিভার্সিটির পক্ষ থেকে আজ গোমতি এবং সিপাহীজলা জেলার ৭৫টি স্কুলের এবছর উচ্চ মাধ্যমিক পরীক্ষায় সর্বোচ্চ নম্বর প্রাপ্ত ২২৫ জন কৃতি ছাত্র-ছাত্রীদের মেধা রত্ন পুরস্কার প্রদান করা হয়।**

**************************************

**Fully literate-State :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা নব ভারত সাক্ষরতা কার্যক্রম - 'উল্লাসে'র অধীনে আগামীকাল ত্রিপুরাকে আনুষ্ঠানিক ভাবে পূর্ণ স্বাক্ষর রাজ্য হিসেবে ঘোষণা করবেন। আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে বিদ্যালয় শিক্ষা দপ্তর আয়োজিত এক অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী এই ঘোষণা দেবেন বলে জানা গেছে। মিজোরাম ও গোয়ার পর দেশের তৃতীয় রাজ্য হিসেবে এই গৌরবের অংশীদার হচ্ছে ত্রিপুরা। এই রাজ্যগুলি ছাড়াও সবার প্রথম লাদাখ কেন্দ্রশাসিত অঞ্চল হিসাবে পূর্ণ সাক্ষর ঘোষিত হয়েছিল।

জাতীয় শিক্ষানীতি ২০২০ অনুযায়ী গঠিত এই উল্লাস কর্মসূচি ২০২২ সালে শুরু হয়েছে। এর লক্ষ্য ২০২৭ সালের মধ্যে দেশের প্রত্যেক প্রাপ্তবয়স্ক নাগরিককে সাক্ষরতার আওতায় নিয়ে আসা। ত্রিপুরা সেই লক্ষ্য পূরণে প্রথম থেকেই এগিয়ে রয়েছে। ২০২৩–২৪ অর্থবছরে প্রকাশিত Periodic Labour Force Survey রিপোর্ট অনুসারে, ত্রিপুরার সাক্ষরতার হার দাঁড়ায় ৯৩.৭ শতাংশে। এরপর ‘উল্লাস’ অভিযানের সাম্প্রতিক সাফল্যের ফলে সেই হার বৃদ্ধি পেয়ে পৌঁছেছে ৯৫.৬ শতাংশে। কেন্দ্রীয় সরকারের সংজ্ঞা অনুযায়ী, ৯৫ শতাংশের বেশি সাক্ষরতার হার অর্জনকারী রাজ্য বা কেন্দ্রশাসিত অঞ্চলকেই পূর্ণ সাক্ষর রাজ্যের মর্যাদা দেওয়া হয়।

*************************

**PM, Yogandhra :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী যোগকে নিজেদের জীবনের অংশ করে তোলার জন্য অন্ধ্রপ্রদেশের জনগণের প্রশংসা করেছেন। গতকাল বিশাখাপত্তনমে ৩ লক্ষ ১০৫ জন অংশগ্রহণকারীর সঙ্গে সর্ববৃহৎ যোগাভ্যাসের গিনেস ওয়ার্ল্ড রেকর্ডের উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন যে যোগান্ধ্র উদ্যোগ এবং বিশাখাপত্তনমে তিনিও যে কর্মসূচিতে অংশ নিয়েছিলেন, তা সর্বদা অনেক মানুষকে সুস্বাস্থ্য এবং সুস্থতার দিকে অনুপ্রাণিত করবে। তিনি পুণরায় উল্লেখ করেন, যোগ মানুষকে একত্রিত করে।

****************************

**Blood Donation :**

পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী বলেছেন রক্তদান মহৎ দান। এটি একটি বিশেষ সামাজিক দয়বদ্ধতা। আজ লায়ন্স ক্লাব অব আগরতলার উদ্যোগে আগরতলায় এক মেগা রক্তদান শিবিরের সূচনা করে তিনি একথা বলেন। তিনি বিভিন্ন সামাজিক সংস্থা বা বেসরকারি প্রতিষ্টানগুলিকে প্রতিনিয়ত এই ধরণের সামাজিক কার্যকলাপে যুক্ত থাকার আহ্বান জানান। শিবিরে ৩৯ জন রক্তদান করেন।

*************************

**11 Year NDA Government :**

ভারত শক্তি ক্ষেত্রেও সুস্থায়ী এবং বিপুল অগ্রগতির দৃষ্টান্ত স্থাপন করেছে। বিগত এগারো বছরে ক্রমবর্ধমান বিদ্যুতের চাহিদা মেটানোর পাশাপাশি স্থায়ী উৎস অনুসন্ধানের দ্বিমুখী লক্ষ্যমাত্রা পূরণে সফলভাবে ভারসাম্য বজায় রাখার প্রয়াস অব্যাহত থেকেছে। একটি প্রতিবেদন।

##########VC########

****************************

**Sudhangshu Das :**

ত্রিপুরা গ্র্যাজুয়েট ফিসারিজ অফিসার্স এসোসিয়েশনের উদ্যোগে আজ ঊনকোটি জেলার ফটিকরায় বিধানসভা কেন্দ্রের অধীন জগন্নাথপুর বাজারে দুই শতাধিক মশারী বিতরণ করা হয়। মৎস্যমন্ত্রী সুধাংশু দাস এই কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করে, এই উদ্যোগকে সামাজিক দায়বদ্ধতার এক অনন্য উদাহরণ উল্লেখ করে আয়োজকদের সাধুবাদ জানান। তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বাধীন বর্তমান সরকারের আমলে সমাজের অন্তিম ব্যক্তির কাছে সরকারী সুবিধা সুযোগ পৌঁছে দিতে স্বচ্ছতার সঙ্গে নিরন্তর কাজ চলছে। এ প্রসঙ্গে তিনি পি.এম-কিষান, জনধন যোজনা, প্রধানমন্ত্রী আবাস যোজনা,গবীর কল্যাণ অন্ন যোজনার কথা উল্লেখ করেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন, সংগঠনের সভাপতি অশোক দেববর্মা, সম্পাদিকা রূপালী চক্রবর্তী প্রমুখ।

******************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-

এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

************************

**PM, Iran :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ইরানের রাষ্ট্রপতি মাসুদ পেজেশকিয়ানের সঙ্গে কথা বলেছেন এবং ইরান ও ইসরায়েলের মধ্যে চলমান সংঘাতের সাম্প্রতিক বৃদ্ধিতে গভীর উদ্বেগ প্রকাশ করেছেন। সামাজিক মাধ্যমে প্রধানমন্ত্রী উল্লেখ করেছেন যে তারা বর্তমান পরিস্থিতি নিয়ে বিস্তারিত আলোচনা করেছেন। প্রধানমন্ত্রী মোদী অবিলম্বে উত্তেজনা হ্রাস, আলোচনা এবং কূটনীতির মাধ্যমে আঞ্চলিক শান্তি, নিরাপত্তা এবং স্থিতিশীলতা দ্রুত পুনরুদ্ধারের আহ্বান পুনর্ব্যক্ত করেছেন।

*************************

**Iran Attack :**

ইরান তার পারমাণবিক কেন্দ্রে মার্কিন সামরিক হামলার তীব্র নিন্দা করে, এটিকে আন্তর্জাতিক আইন এবং জাতিসংঘের সনদের গুরুতর লঙ্ঘন বলে অভিহিত করেছে। ইরানের পররাষ্ট্র মন্ত্রক এই হামলাকে একটি নৃশংস আগ্রাসন বলে অভিহিত করেছে এবং এর জন্য সম্পূর্ণরূপে মার্কিন যুক্তরাষ্ট্রকে দায়ী করেছে। মার্কিন হামলার কয়েক ঘন্টা পর প্রকাশিত এক বিবৃতিতে ইরান অভিযোগ করে যে, আমেরিকা ইসরায়েলের সঙ্গে সমন্বয় করে কাজ করছে।

*************************

**MEDHARATNA :**

টেকনো ইন্ডিয়া ইউনিভার্সিটির পক্ষ থেকে আজ উদয়পুর রাজর্ষি কলা ক্ষেত্রে গোমতি এবং সিপাহীজলা জেলার ৭৫টি স্কুলের এবছর উচ্চ মাধ্যমিক পরীক্ষায় সর্বোচ্চ নম্বর প্রাপ্ত ২২৫ জন কৃতি ছাত্র-ছাত্রীদের মেধা রত্ন পুরস্কার প্রদান করা হয়। এই অনুষ্ঠানের উদ্বোধন করে বিধায়ক জিতেন্দ্র মজুমদার বলেন, উচ্চমাধ্যমিক পাশ করে যে সমস্ত ছেলে মেয়েরা কলেজ ও উচ্চ শিক্ষাপ্রতিষ্ঠানগুলিতে পড়াশোনা করবে তাদের সমাজ গঠনের ক্ষেত্রে দায়িত্ব নিতে হবে। সুস্থ পরিবেশ সুস্থ সমাজ গঠনের মধ্য দিয়ে আমাদের দেশ সমৃদ্ধ হবে। নেশা মুক্ত ত্রিপুরা নেশা মুক্ত সমাজ গঠনে বর্তমান যুবকদের যথেষ্ট ভূমিকা রয়েছে বলে উল্লেখ করেন তিনি। অনুষ্ঠানে বক্তব্য রাখেন উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতলচন্দ্র মজুমদার, টেকনো ইন্ডিয়া ইউনিভার্সিটির ভাইস চ্যান্সেলর অধ্যাপক ডক্টর রতন কুমার সাহা, উদয়পুর বিবেকানন্দ বিদ্যাপীঠ এইচএস ইংলিশ মিডিয়াম স্কুলের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক শ্যামসুন্দর দত্ত, কে বি আই স্কুলের ভাইস প্রিন্সিপাল অপূর্ব সাহা, উদয়পুর রমেশ স্কুলের শিক্ষিকা পদ্মা চাকমা এবং গর্জি স্কুলের পক্ষে শিক্ষক বিশ্বজিৎ মারাক প্রমুখ। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন গোমতী জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায় ও গোমতি জেলা শিক্ষা আধিকারিক বিকাশ নাথ প্রমুখ।

*************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৯শে জুন, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১২৩তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা 'মন-কি-বাত'-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং নম: APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। ফোনলাইন এমাসের ২৭ তারিখ পর্যন্ত খোলা থাকবে।

এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

*************************

**Pahalgam Attack :**

পহেলগাম সন্ত্রাসী হামলা মামলায় জাতীয় তদন্ত সংস্থা, এনআইএ, হামলাকারী সন্ত্রাসীদের আশ্রয় দেওয়ার অভিযোগে দুই ব্যক্তিকে গ্রেপ্তার করেছে। এনআইএ জানিয়েছে যে এই দুই ব্যক্তি জানিয়েছে যে, হামলায় জড়িত তিন সশস্ত্র সন্ত্রাসী নিষিদ্ধ সন্ত্রাসী সংগঠন লস্কর-ই-তৈয়বার সাথে যুক্ত পাকিস্তানি নাগরিক।

************************

**BJP Mahila Morcha :**

প্রদেশ বিজেপি কার্যালয়ে বিজেপি মহিলা মোর্চার উদ্যোগে এক আজ বৈঠক হয়। বৈঠকে বিগত এগারো বছরে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির দূরদর্শী নেতৃত্বে ভারত পরিকাঠামো বিকাশে রূপান্তরের যে নতুন অধ্যায় রচনা করেছে তা সবিস্তারে তুলে ধরেন বিজেপি মহিলা মোর্চার রাজ্য সভানেত্রী মিমি মজুমদার। তিনি বলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বাধীন কেন্দ্রীয় সরকারের সময়কালে ভারতবর্ষে এক নতুন যুগের সূচনা হয়েছে। মহিলা, স্বাস্থ্য, শিক্ষা, শিল্প সহ প্রতিটি গুরুত্বপূর্ণ স্তরে দেশ বিকাশ ও অগ্রগতির মুখ দেখছে। নারীদের আর্থ সামাজিক মানোন্নয়নের লক্ষ্যে বহুমুখী প্রকল্প হাতে নিয়েছেন প্রধানমন্ত্রী। বৈঠকে উপস্থিত ছিলেন প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য, বিধায়ক ভগবান দাস প্রমুখ।

******************************

**Mayor :**

আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার আজ কালিকাপুর ভগৎ সিং হরিজন কলোনী এলাকায় নতুন করে সাজিয়ে তোলা কামাখ্যা মায়ের মন্দিরের উদ্বোধন করেন। আগরতলা পুর নিগমের উদ্যোগে মন্দিরটি

সংস্কার করা হয়। মেয়র বলেন, পুর নিগম এলাকায় অন্যান্য মন্দির বা মসজিদ যেগুলি সংস্কারের অভাবে ধুঁকছে সেগুলোর সংস্কারের কাজ শীঘ্রই শুরু করা হবে।

*****************************

**BJP-Press Meet :**

আগামী ২৫শে জুন ভারতীয় জনতা যুব মোর্চার উদ্যোগে আগরতলার সুকান্ত একাডেমীতে মক পার্লামেন্টের আয়োজন করা হবে। অনুষ্ঠানের উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। থাকবেন প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য সহ অন্যান্যরা। আজ প্রদেশ বিজেপি কার্যালয়ে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে এ বিষয়ে জানান প্রদেশ যুব মোর্চার রাজ্য সভাপতি তথা বিধায়ক সুশান্ত দেব। তিনি বলেন রাজনীতিতে আসতে ইচ্ছুক যুবক যুবতীদের একটি প্লাটফর্ম তৈরি করে দেওয়া মক পার্লামেন্ট কর্মসূচীর উদ্দেশ্য। তিনি বলেন আগামী ২৮শে জুন ধর্মনগরেও এই ধরনের মক পার্লামেন্ট অনুষ্ঠানের আয়োজন করা হবে। সাংবাদিক সম্মেলনে প্রদেশ বিজেপি যুব মোর্চার সহ-সভাপতি ভিকি প্রসাদ, অরুনাভ নন্দী প্রমুখ উপস্থিত ছিলেন।

********************************

**Blood Donation :**

আগামীকাল আন্তর্জাতিক অলিম্পিক দিবসকে সামনে রেখে আজ দ্যা ইন্ডিয়ান অ্যাসোসিয়েশন অফ ফিজিওথেরাপিস্ট ত্রিপুরা শাখার উদ্যোগে এবং ত্রিপুরা অলিম্পিক অ্যাসোসিয়েশনের সহায়তায় আগরতলায় এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়। শিবিরের উদ্বোধন করেন ক্রীড়া ও যুব কল্যাণ মন্ত্রী টিংকু রায়। শিবিরে উপস্থিত ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন জিমন্যাস্ট পদ্মশ্রী ডক্টর দীপা কর্মকার সহ সংগঠনের কর্মকর্তারা।

****************************

**TSJC Meeting :**

ত্রিপুরা স্পোর্টস জার্নালিস্ট ক্লাবের বার্ষিক সাধারণ সভা আজ আগরতলা প্রেস ক্লাবে অনুষ্ঠিত হয়। ৩৩ বছরের পুরোনো এই ক্লাবের সাধারণ সভাতে ক্রীড়া সাংবাদিকদের স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে সচিবের প্রতিবেদনে গত এক বছরের বিভিন্ন কর্মকান্ড তুলে ধরা হয়। এর সাথে পেশ করা হয় এক বছরের আয় ব্যয়ের হিসাবও। পরে সদস্যরা প্রতিবেদন ও হিসাবের উপর আলোচনা করেন এবং শেষে সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। সভায় আগামী দিনের বেশ কিছু পরিকল্পনাও গ্রহণ করা হয়।

****************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। দুই এক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫.২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ দশমিক আট ডিগ্রি সেলসিয়াস। উত্তর জেলায় বিক্ষিপ্তভাবে ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। এছাড়া রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের ও সর্তকতা জারি করা হয়েছে।

**************************